গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৯.০০০০.১২.০০২.২০১৯(২)/১৪৯ তারিখঃ ০৫ আগষ্ট ২০১৯

বিষয়ঃ বিআইডব্লিউটিসি কর্তৃক বাস্তবায়নাধীন "বিআইডব্লিউটিসি'র ৩৫টি বাণিজ্যিক জলযান ৮টি পল্টুন ও ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৯/০৭/১৯ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বিআইডব্লিউটিসি কর্তৃক বাস্তবায়নাধীন "বিআইডব্লিউটিসি'র ৩৫ টি বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

০৫/০৮/১৯
এস. এম. আলমগীর
সহকারি প্রধান
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, ৩৫ টি বাণিজ্যিক জলযান , ৮ টি পন্টুন ও ২টি নতুন স্লিপওয়ে নির্মাণ'' শীর্ষক প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্ম সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। উপ-প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। পরিচালক (কারিগরী), বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
১৪। সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চীফ প্লানিং ম্যানেজার, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।
১৫। মহা-ব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং), বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।।
১৬। চীফ মেরিন কনস্ট্রাকশন, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, (তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। অফিস কপি।

E:\2nd folder\Planning-3\BIWTC\35 No Vessels\Letter.docx

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
নৌপরিবহনমন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশসচিবালয়, ঢাকা।

বিষয়ঃ "বিআইডব্লিউটিসি'র জন্য ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতূন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

সভার তারিখ : ২৭/০৭/২০১৯ ইং

সময় : দুপুর ৩.০০ টা

স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-"ক"তে সন্নিবেশিত হলো।

২। উপস্থাপনাঃ

২.১ সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম প্রধান বলেন গত "বিআইডব্লিউটিসির জন্য ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতূন স্লিপওয়ে নির্মাণ" শীর্ষক প্রকল্পটি মোট ১৩১৯.৭১ কোটি টাকা (এর মধ্যে জিওবি ১২৫৩.৭২ কোটি টাকা এবং বিআইডব্লিউটিসি ৬৫.৯৯ কোটি) ব্যয়ে জুলাই' ২০১৮ হতে জুন' ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৬/০৮/১৮ খ্রিঃ তারিখে একনেক সভায় কতিপয় শর্ত সাপেক্ষে অনুমোদন লাভ করে। গত ৩০/০১/২০১৯ খ্রিঃ তারিখে প্রকল্পটি চূড়ান্ত অনুমোদন লাভ করে। প্রকল্পটির মূল কাজ ৩৫ টি বাণিজ্যিক জলযান, ৮ টি পন্টুন ও ২ টি নতূন স্লিপওয়ে (ডক নং-১ ও ডক নং-২) নির্মাণ করা। এছাড়া প্রকল্পটির অধীনে বিআইডব্লিউটিসির ডক নং-১ ও ডক নং-২ এর ওয়ার্কশপ মেশিনারিজ, ক্রেন, সাবস্টেশন, ডিজেল জেনারেটর, ফর্ক লিফট ক্রয়/সংগ্রহ ও স্থাপন করা বিদ্যমান। এ ক্রয়সমূহ সম্পন্ন করার নিমিত্ত আনুষংগিক আরও বেশ কয়েকটি পণ্য ও সেবা ক্রয় করার সংস্থান রয়েছে। ক্রয় পরিকল্পনায় মোট ২১ টি প্যাকেজে রয়েছে (এর মধ্যে ৬ টি সেবা, ৪ টি পণ্য ও ১১ টি কার্য)।

৩। আলোচনাঃ

৩.১। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী Improved মিডিয়াম টাইপ ফেরি এবং Improved ইউটিলিটি টাইপ ফেরির দরপত্র আহবান করা হয়। প্রি-বিড সভায় উপস্থিত শিপ বিল্ডার্সগণ জলযানের ইঞ্জিন এর ক্ষমতা/স্পিড বাংলাদেশের উপযোগী করার জন্য অনুরোধ জানান। এখানে উল্লেখ্য অনুমোদিত ডিপিপিতে প্রতিটি জলযানের সার্ভিস স্পিড কিছুটা বেশী উল্লেখ রয়েছে। সেটিকে দেশের উপযোগী করে কার্যকর করা প্রয়োজন। তিনি আরও বলেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী ইঞ্জিন স্থাপন করা হলে জাহাজের অপারেশনাল খরচ অনেক বৃদ্ধি পাবে এবং বিআইডব্লিউটিসির উপর বিপুল পরিমান লোকসানের বোঝা চাপবে। তাই এসব যাত্রীবাহী জাহাজ ও ফেরি নির্মাণের পূর্বে প্রস্তাবিত স্পিড ও ইঞ্জিন পাওয়ার নিয়ে কারিগরি মতামত গ্রহণের নিমিত্ত বুয়েট, এম আই এস টি ও ভিন্ন প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ার এবং সংস্থার সিনিয়র প্রকৌশলীদের নিয়ে ১০ সদস্য বিশিষ্ট একটি কারিগরি কমিটি গঠন করা হয়।

৩.২। কারিগরী কমিটি সকল দিক বিবেচনা করে ফেরি ও জাহাজের স্পিড ও মেইন ইঞ্জিন পাওয়ার এর নিম্নরূপে নির্ধারণ করার সুপারিশ করেঃ

| Sl No | Vessel Description | As Per approved DDP, Speed (Knots) and Power (BHP) Country of origin-USA / EU / UK / Japan / Australia /Canada/ Sweden | | Economical Speed (Knots) and Power (BHP) proposed by Technical committee. Country of origin and manufactured -USA / EU / UK / Japan / Australia /Canada. | |
|---|---|---|---|---|---|
| | | Proposed Vessel speed (Knots) | Main Engine BHP | Proposed Vessel speed (Knots) | Main Engine BHP @ RPM & MCR |
| 1. | Improved K-Type ferry -6 Nos. (Length= 53m, B=12.70m, D=2.85m, Speed=12 Knots, Vehicle=20 Trucks, Crew = 15, Full Class vessel) | Speed- 12 Knots at full load | (900-1000)X2 BHP @ 1000 RPM (Max.) | Service speed 10 Knots or 18.52 KM/Hr at full load | Minimum 2X750 BHP @1000 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 2. | Improved Utility Type ferry - 6 Nos. (Length= 40m, B=17m, D=3.00m, Speed=12 Knots, Vehicle=15 Trucks, Crew = 15, Full Class vessel) | Speed- 12 Knots at full load | 2X700 BHP @1800 RPM (Max.) | Service speed 9 Knots or 16.70 KM/Hr at full load | Minimum 2X600 BHP @1800 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 3. | Sea Trucks- 8 Nos. (Length= 38m, B=8.00m, D=2.80m, Speed=14 Knots, Passenger=330, Crew = 10, Full Class vessel). | Speed- 14 Knots at full load. | 2X700 BHP @1800 RPM (Max.) | Service speed 12 Knots or 20.372 KM/Hr at full load. | Minimum 2X600 BHP @1800 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 4. | Inland passenger vessel- 3 Nos. (Length= 74.22m, B=12.50m, D=3.00m, Speed=14 Knots, Passenger=700, Crew = 34, Full Class vessel) | Speed- 14 Knots trial. | 2X1500 BHP | Service speed 11 Knots or 20.372 KM/Hr at full load | Minimum 2X1200 BHP @1000 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 5. | Coastal Passenger vessel - 4 Nos. (Length= 65m, B=12.30m, D=3.50m, Speed=14 Knots, Passenger=800, Crew = 35, Full Class vessel) | Speed- 14 Knots at full load | 2X(1100-1200) BHP @ 1000 RPM (Max.) | Service speed 12 Knots or 22.224 Km/Hr at full load | Minimum 2X1200 BHP @1000 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 6. | Cruise vessel - 3 Nos. (Length= 78m, B=16m, D=4m, Monohull type Speed=18 Knots, Passenger=373, Crew = | Speed- 18 Knots or 33.33 Km/Hr at full loaded condition. | 2X2000 BHP @1800 RPM (Max.) | Service speed- 13 Knots or 24.076 Km/Hr at full | Minimum 2X1500 BHP @1800 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |

| Sl No | Vessel Description | As Per approved DDP, Speed (Knots) and Power (BHP) Country of origin-USA / EU / UK / Japan / Australia /Canada/ Sweden | | Economical Speed (Knots) and Power (BHP) proposed by Technical committee. Country of origin and manufactured -USA / EU / UK / Japan / Australia /Canada. | |
|---|---|---|---|---|---|
| | | Proposed Vessel speed (Knots) | Main Engine BHP | Proposed Vessel speed (Knots) | Main Engine BHP @ RPM & MCR |
| | 32, Full Class vessel) | | | loaded condition. | |
| 7. | Salvage cum fire fighting Tug - 2 Nos. (Length= 32.00m, B=9.00m, D=3.50m, Speed=12 Knots, B Pull=28 Ton, Crew = 16, Full Class vessel) | Speed- 12 Knots. Bollard pull=28 Ton | 2X1500 BHP @1800 RPM (Max.) | Speed- 10 Knots or 18.52 KM/Hr. Bollard pull=25 Ton | Minimum 2X1200 BHP @1800 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 8. | Coastal Oil Tanker - 2 Nos. (Length= 70m, B=12m, D=5.50m, Speed=12 Knots, Cargo=2000 Tons, Crew = 12, Full Class vessel) | Speed- 12 Knots at full load | 2X1600 BHP | Service speed 10 Knots or 18.52 Km/Hr at full load | Minimum 2X1000 BHP @1000 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |
| 9. | Cabin cruiser cum inspection boat - 1 no. (Length= 15m, B=5m, D=2m, Speed=35 Knots, Passenger=15, Crew = 6, Full Class vessel) | Speed- 35 Knots at full load | 2X800 BHP @2100 RPM (Max.) | Service speed 25 Knots or 27.78 KM/Hr at full load. | Minimum 2X250 BHP outboard octane / petrol engine @2100 RPM (Max.) at 85% MCR Or the power obtained in model test whichever is higher. |

৩.৩। সভায় কারিগরী কমিটি কর্তৃক সুপারিশকৃত জলযানের স্পিড ও মেইন ইঞ্জিন পাওয়ার এর বিষয়ে বিশদ আলোচনা হয়। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন যে, প্রকল্পের স্পিসিফিকেশনের পরিবর্তনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সম্মতি নেয়ার প্রয়োজন আছে। প্রকল্পটি সম্প্রতি অনুমোদিত হয়েছে এখনই এ প্রকল্প সংশোধন যা কাঙ্খিত নয়। এ পর্যায়ে সভাপতি বলেন যে, বিআইডব্লিউটিসি প্রায় ৫০ বছর আগে এ ধরনের জনযান সংগ্রহ করেছে। সেজন্য বর্তমানে সংস্থায় কর্মরত জনবলের এ সমস্ত জলযানের কারিগরী বিষয়ে জ্ঞানের সীমাবদ্ধতার কারণে বিষয়টি উদ্ভব হয়েছে। প্রকল্পটি সুষ্ঠুভাবে ও সময়মত বাস্তবায়নের জন্য এবং বিআইডব্লিউটিসিকে আর্থিকভাবে আরও স্বাবলম্বী প্রতিষ্ঠান হিসেবে উন্নীত করার লক্ষ্যে কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী ডিপিপিটি সংশোধন করা প্রয়োজন। তিনি স্পেসিফিকেশনের বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামত নেয়ার জন্য নির্দেশনা দেন।

৩.৪। বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান জানান যে, পূর্ত কার্য সম্পাদনের জন্য অনুমোদিত ডিপিপিতে মোট ১১ টি প্যাকেজের আওতায় ৩০ টি লট রয়েছে। এর মধ্যে ৫ টি প্যাকেজের মূল্য ১০০ কোটি টাকার উর্ধ্বে রয়েছে এবং উক্ত ৫টি প্যাকেজে ১৬ টি লট আছে। পিপিআর-২০০৮ এবং ডেলিগেশন অব পাওয়ার অনুযায়ী প্রতিটি লটের অনুমোদনের এখতিয়ার হবে সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির। নিয়মানুযায়ী উক্ত ১৬ টি লটের আলাদা আলাদা মূল্যায়ন প্রতিবেদন সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে। যা সময়সাপেক্ষ, অত্যন্ত কষ্টকর এবং সরকারের উচ্চ মহলের নিকট বিষয়টি বিব্রতকর হতে পারে। তাই তিনি লট বাদ দিয়ে শুধুমাত্র ৫টি প্যাকেজের মাধ্যমে দরপত্র প্রক্রিয়াকরণের সুপারিশ করেন। এখানে উল্লেখ্য, উক্ত ৫টি প্যাকেজই

সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন গ্রহণ করা হবে এবং এতে পিপিআর এর ব্যত্যয় ঘটবে না। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৩.৫। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে দু'টি দরপত্র আহবান করা হয়েছে যা সভায় আলোচিত হয় এবং দরপত্র দু'টি বাতিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪। সিদ্ধান্তসমূহঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) দশ সদস্য বিশিষ্ট কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী কার্যকর জাহাজের স্পিড এবং মেইন ইঞ্জিন পাওয়ার ডিপিপিতে অন্তর্ভূক্ত করে সংশোধিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

(খ) সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির এখতিয়ারাধীন ৫টি প্যাকেজের ১৬টি লটকে শুধু ৫টি প্যাকেজের অধীনে সীমাবদ্ধ রেখে বাস্তবায়ন করতে হবে। এ ক্ষেত্রে কাজের সুবিধার্থে প্যাকেজগুলোকে আর লটে বিন্যস্ত করার প্রয়োজন নাই;

(গ) প্রকল্পের কাজ ত্বরান্বিত করার নিমিত্ত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী দরপত্র আহবান করা যেতে পারে; সেক্ষেত্রে সংশোধিত ডিপিপি অনুমোদন না হওয়া পর্যন্ত কার্যাদেশ (NOA) প্রদান করা যাবে না;

(ঘ) ক্রয় প্রক্রিয়ায় স্পেসিফিকেশন পরিবর্তনের বিষয়ে দ্রুত পরিকল্পনা কমিশনের মতামত গ্রহণ করতে হবে;

(ঙ) ইতোমধ্যে আবেদনকৃত টেন্ডার প্রক্রিয়া বাতিল করতে হবে

(চ) উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে ডিপিপিটি পুনর্গঠন করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

০৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়